# পররাষ্ট্র মন্ত্রণালয়ের দুই প্রতিমন্ত্রীর দায়িত্ব বণ্টন




ছবি: সংগৃহীত

পররাষ্ট্র মন্ত্রণালয়ের দুই প্রতিমন্ত্রীর মধ্যে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব ভাগ করে দেওয়া হয়েছে। রোববার (২৩ আগস্ট) মন্ত্রণালয় থেকে জারি করা এক পরিপত্রে তাদের পৃথক দায়িত্বের বিষয়গুলো উল্লেখ করা হয়।

পরিপত্র অনুযায়ী, হুমায়ুন কবিরকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ এবং শামা ওবায়েদ ইসলাম এমপিকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী-২ হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। তারা পররাষ্ট্রমন্ত্রীর নির্দেশনা ও তত্ত্বাবধানে নির্ধারিত বিষয়গুলোতে দায়িত্ব পালন করবেন।

হুমায়ুন কবিরের দায়িত্বের মধ্যে রয়েছে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বিষয়, অনিবাসী বাংলাদেশিদের সংশ্লিষ্ট বিষয় এবং পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়।

অন্যদিকে শামা ওবায়েদ ইসলামের দায়িত্বের মধ্যে রয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, মানবাধিকার, গবেষণা ও উদ্ভাবন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, সৃজনশীল অর্থনীতি, এলডিসি উত্তরণ এবং তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিষয়ক কার্যক্রম।

এ ছাড়া সমুদ্র আইন ও সমুদ্রসম্পদ, বিশ্ব স্বাস্থ্য কূটনীতি, সাংস্কৃতিক কূটনীতি এবং ক্রীড়া কূটনীতিও শামা ওবায়েদ ইসলামের দায়িত্বের আওতায় রাখা হয়েছে।

LENS ASIA